গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(প্রশাসন-১ শাখা)
www.lgd.gov.bd

নং- ৪৬. ০২৩. ০২০. ০০. ০০. ০১২. ২০১২- ৬৮২

তারিখঃ ০৭ বৈশাখ ১৪২৩ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারি কর্মচারিদের বেতন বিলের উপর উৎসের কর কর্তন সংক্রান্ত।

সূত্রঃ ডি ও পত্র নং- ০৮.০১.০০০০.০৩০.০৩.০১১.১৬/২৪১(৩৮) তারিখঃ ০৫/০৪/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রটি এতদ্‌সংগে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক সরকারি কর্মচারিদের বেতন-ভাতা বিলের উপর উৎসের কর কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

২। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তঃ বর্ণনামতে।

২০/০৪/২০১৬
(মোঃ জাহিদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণঃ

১। অতিরিক্ত সচিব(সকল)/ মহাপরিচালক(মইই), স্থানীয় সরকার বিভাগ।
২। যুগ্মসচিব/পরিচালক(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪। উপসচিব/উপ-প্রধা(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব(সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থাঃ *(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)*

০১। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।
০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/খুলনা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর সিটি কর্পোরেশন।
০৬। সহকারী কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা মশক নিবারণী দপ্তর, ঢাকা।

সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

Secretary
Internal Resources Division
and
Chairman
National Board of Revenue

স্থানীয় সরকার বিভাগ
13 APR 2016
১৯৫৪

ক্রমিক নং ৪৮৫৩ তারিখ ১৩/৪/১৬
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উপজেলা)
যুগ্ম-সচিব (অডিট)
যুগ্ম-সচিব ( )
উপ-সচিব ( )
সিঃ সঃ সচিব (
পার্সোনাল অফিসার
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ

ডি ও পত্র নং-০৮.০১.০০০০.০৩০.০৩.০১১.১৬/১৫১(৩৫)

তারিখঃ ২২ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ
০৫ এপ্রিল, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারী কর্মচারিদের বেতন বিলের উপর উৎসে কর কর্তন

প্রিয় সহকর্মী,

আপনি অবগত আছেন যে দেশের মোট রাজস্বের শতকরা প্রায় পঁচাশি ভাগ জাতীয় রাজস্ব বোর্ড সংগ্রহ করে থাকে। চলতি ২০১৫-১৬ অর্থ বছরে জাতীয় রাজস্ব বোর্ডকে ১,৭৬,৩৭১/- কোটি টাকার রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে, যা অর্জনে জাতীয় রাজস্ব বোর্ড নিরলস কাজ করে যাচ্ছে। জাতীয় রাজস্ব বোর্ডের এ প্রচেষ্টায় আপনার বিভাগ কর্তৃক সর্বাত্মক সহযোগিতা প্রদানের জন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

বেতন খাতে প্রাপ্ত আয়ের উপর আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৫০ অনুযায়ী উৎসে কর কর্তনের বিধান রয়েছে, যা সরকারি কর্মচারিদের বেতন-ভাতাদির ক্ষেত্রেও প্রযোজ্য। ইতোমধ্যে জারিকৃত নতুন বেতন স্কেলে সরকারি কর্মচারিদের বেতন-ভাতা উল্লেখযোগ্য হারে বাড়ানো হয়েছে। এর ফলে বেতন-ভাতা খাতে উৎসে করের পরিমাণও বৃদ্ধি পাবে। কর আইনের বিদ্যমান বিধান অনুযায়ী সরকারী কর্মচারিদের মূল বেতন, উৎসবভাতা ও বোনাস খাতে প্রাপ্ত আয় করযোগ্য। একজন সরকারি চাকুরিজীবী আয় বছরের শুরুতে তাঁর প্রাপ্য বেতন, উৎসব ভাতা ও বোনাসের পরিমাণ এর ভিত্তিতে বেতন-ভাতা খাতে করযোগ্য আয় নিরূপণপূর্বক তার উপর প্রযোজ্য আয়কর থেকে বিনিয়োগ জনিত সম্ভাব্য আয়কর রেয়াত ও উৎস কর/অগ্রিম কর বাদ দিয়ে নীট প্রদেয় করের পরিমাণ নিরূপণ করবেন এবং সে অনুযায়ী মাসিক ভিত্তিতে উৎস করের পরিমাণ হিসেব করে তা বেতন বিলে আয়কর কর্তন হিসেবে প্রদর্শন করবেন। সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা নির্ধারিত ছকে বেতন-ভাতাদি খাতে উৎসে কর্তনকৃত করের একটি সনদ সংশ্লিষ্ট সরকারী কর্মচারিকে প্রদান করবেন, যা সরকারী কর্মচারি তার আয়কর রিটার্ন দাখিলের সময় উৎসে কর পরিশোধের প্রমাণ হিসেবে আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন। জাতীয় রাজস্ব বোর্ড থেকে এ বিষয় স্পষ্টীকরণ সংক্রান্ত পরিপত্রের কপি এ সাথে সংযুক্ত করা হলো।

আয়কর আইন যথাযথভাবে পরিপালনের মাধ্যমে দেশ ও জাতির জন্য বর্ধিত রাজস্ব সংগ্রহের অর্পিত দায়িত্ব পালনে জাতীয় রাজস্ব বোর্ডকে সহায়তা প্রদানের লক্ষ্যে আপনার মন্ত্রণালয়/দপ্তরের নিয়ন্ত্রণাধীন সকল কর্মচারির বেতন-ভাতা পরিশোধের ক্ষেত্রে যাতে বিধান অনুযায়ী আয়কর কর্তন নিশ্চিত করা হয় সে বিষয়ে হিসাবরক্ষণ কার্যালয়, দপ্তর প্রধানসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করছি।

সকলের অব্যাহত ও সম্মিলিত প্রচেষ্টায় জাতীয় রাজস্ব বোর্ড চলতি ২০১৫-১৬ অর্থ বছরের রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হবে, এ আমার প্রতীতি।

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং ৩৮৬
তারিখঃ ১৮/৪/১৬
স্বাক্ষর

আন্তরিকভাবে আপনার

(মোঃ নজিবুর রহমান)

জনাব আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
ভবন নম্বর : ৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) উন্নয়ন
৩) যুগ্ম-সচিব	৩) নগর উন্নয়ন
	৪) পাস
	৫) আইন
ডায়েরি নম্বর: ১৩/৪/১৬	স্বাক্ষর

সচিব মহোদয়ের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।
একান্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
কর নীতি শাখা

পরিপত্র-২০১৫ (আয়কর)

২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেট কার্যক্রমের মাধ্যমে আয়করের ক্ষেত্রে আনীত পরিবর্তন সমূহের স্পষ্টীকরণ

২১। সরকারি চাকুরিজীবীদের বেতন-ভাতার উপর উৎসে কর কর্তনের বিধান প্রবর্তন- আয়কর অধ্যাদেশের ধারা 50 এর সংশোধনঃ

(ক) অর্থ আইন, ২০১৫ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশের ধারা 50 এর উপ-ধারা (1) এর পরে উপ-ধারা (1A) সংযোজন করা হয়েছে। নতুন সংযোজিত আইনের বিধান অনুসারে একজন সরকারি চাকুরিজীবী, যিনি নিজে Drawing and Disbursing Officer, তিনি আয় বছরের শুরুতে তাঁর প্রাপ্য বেতন, উৎসব ভাতা ও বোনাসের পরিমাণ এর ভিত্তিতে বেতন খাতে করযোগ্য আয় নিরূপন করবেন। বেতন খাতে করযোগ্য আয়ের উপর বিদ্যমান কর হার প্রয়োগ করে মোট প্রদেয় কর এর পরিমাণ নিরূপন এবং তা হতে বিদ্যমান হারে কর রেয়াত বাদ নিয়ে নীট প্রদেয় কর এর পরিমাণ নির্ধারণ করবেন। এক্ষেত্রে তিনি ব্যক্তিগত গাড়ীর মালিক হলে গাড়ীর ফিটনেস নবায়নকালে পরিশোধকৃত অগ্রিম আয়কর বাদ দিয়ে নীট প্রদেয় কর এর পরিমাণ নিরূপন করবেন। উপরে বর্ণিত পদ্ধতিতে নিরূপিত নীট প্রদেয় কর ১২ (বার) দিয়ে ভাগ করে মাসিক প্রদেয় কর এর পরিমাণ নির্ধারণ করতঃ এবং প্রতি মাসের বেতন বিলে উক্ত পরিমাণ অর্থ কর পরিশোধ হিসেবে বাদ দিয়ে নীট প্রাপ্য বেতন ভাতার পরিমাণ নিরূপন করে বেতন বিল প্রণয়ন করবেন। কোন Drawing and Disbursing Officer তাঁর অধীনস্থদের বেতন বিল স্বাক্ষরের সময়েও উপরে বর্ণিত পদ্ধতি অনুসরণ করবেন।

(খ) অর্থ আইন, ২০১৫ এর মাধ্যমে সংযোজিত ধারা 50 এর উপ-ধারা (1B) অনুযায়ী সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তা আয় বছর শেষ হওয়ার পরবর্তী জুলাই মাসের ৩১ তারিখের মধ্যে ধারা 50 এর উপ-ধারা (1A) অনুযায়ী উৎসে কর কর্তনের পরিমাণ উল্লেখ করে বিধি 18A অনুসারে নিম্নবর্ণিত ছকে একটি সনদপত্র প্রদান করবেনঃ

Certificate of deduction of tax under section 50(1B) on income chargeable under the head "Salaries" for the year ended as on ....

Name of the employee	Name of the office	Designation	Taxpayer's Identification Number	Amount of tax deducted	Remarks
1	2	3	4	5	6

Date ....

Signature, name and designation of
the Accounts Officer/any other
authorized officer